



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
সারিয়াকান্দি, বগুড়া।



www.bbs.shariakandi.bogra.gov.bd

স্মারক নং-৫২.০১.১০৮১.০০০.৪৫.২২৭.১৯-০০৫

তারিখ:- ১২/০১/২০২০ ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১'এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনাকার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র সারিয়াকান্দি উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুবক/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রশিক্ষণ-৪০০/- (প্রতিদিন) পারিতোষিকঃ ৮৫০০/- (ভ্যাট ও ট্যাক্সসহ)	১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। স্মার্টফোনের ডিসপ্লে ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/ গণনাকারী	প্রশিক্ষণ-৪০০/- (প্রতিদিন) পারিতোষিকঃ ৮০০০/- (ভ্যাট ও ট্যাক্সসহ)	১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। স্মার্টফোনের ডিসপ্লে ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

বিঃদ্র: উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

শর্তাবলী:


- ১) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২- ৮জানুয়ারি-২০২১)প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- ২) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে। (বিঃদ্রঃএকই প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।)
- ৩) অন্য কোন পেশায় নিয়োজিত থাকলে কেউ আবেদন করতে পারবেন না। পরবর্তীতে এরকম প্রমাণ পেলে তৎক্ষণাৎ নিয়োগ কমিটি তাদেরকে বাতিল করার ক্ষমতা রাখেন।
- ৪) প্রয়োজনে নিজের মৌজা/ইউনিয়ন, মহল্লা/ওয়ার্ড ব্যতিরেকে অন্য মৌজা/ইউনিয়ন, ওয়ার্ড/মহল্লায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
- ৫) সকল পদের আবেদন ফরম আগামী ১২/০১/২০২০ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, সারিয়াকান্দি, বগুড়ায় সরাসরি, বাহক মারফত অথবা ডাকযোগে অফিস সময়ের মধ্যে পৌছাতে হবে।
- ৬) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবেনা।
- ৭) মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
- ৮) খামের উপরে ইউনিয়ন, মৌজা, পৌরসভা, ওয়ার্ড ও পদের নাম লিখে জমা দিতে হবে।

অন্যান্য তথ্যাবলী:

- ১) আবেদনের নির্ধারিত ফরম উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েব সাইট www.bbs.shariakandi.bogra.gov.bd থেকে ডাউনলোড করে অথবা পিংকি ফটোকপি ১নং উপজেলা পরিষদ গেট সংলগ্ন, সারিয়াকান্দি, বগুড়া হতে সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম উপজেলা পরিসংখ্যান কার্যালয়, সারিয়াকান্দি, বগুড়া থেকেও সংগ্রহ করা যাবে।
- ২) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণ কে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৩) লিস্টিং অপারেশনে নিয়োজিত কর্মীগণের কার্যক্রম সন্তোষজনক হলে তারা মূল শুমারিতেও গণনাকারী ও সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ৪) উপজেলা নির্বাহী অফিস, সারিয়াকান্দি, বগুড়া এ নিম্নলিখিত তারিখ অনুযায়ী সকল ১০.০০ ঘটিকায় মৌখিক পরীক্ষা নেয়া হবে।

০৮/০২/২০২০	০৯/০২/২০২০	১০/০২/২০২০
পৌরসভা, সারিয়াকান্দি সদর, নারচি, হাটশেরপুর ইউনিয়ন।	কাজলা, চালুয়াবাড়ি, কর্ণিবাড়ি, বোহাল ইউনিয়ন।	চন্দনবাইশা, কামালপুর, কুতুবপুর, ফুলবাড়ি, ভেলাবাড়ি, ইউনিয়ন।

- ৫) যথা সময়ে লিস্টিং অপারেশনের জন্য চূড়ান্ত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিস, সারিয়াকান্দি, বগুড়া এর নোটিশ বোর্ড এ প্রকাশ করা হবে।
 - ৬) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক বাতিল বলে গণ্য হবে।
 - ৭) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- **বিস্তারিত তথ্যের জন্য জনাব জনক চন্দ্র রায়, মোবাইল নং-০১৭৩৭-৩৫০২৪৬ এ যোগাযোগ করা যাবে।**


(মো: রাসেল মিয়া)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার যাচাই বাছাই কমিটি
সারিয়াকান্দি, বগুড়া।